



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩- 288

২৩/০৪/২০১৭ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (২য় সংশোধিত) প্রকল্পের সকল কার্যক্রম মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। দৈনন্দিন প্রকল্প কার্যক্রমের সকল তথ্য সফটওয়্যারে এন্ট্রি দিয়ে ম্যানুয়াল হিসাবের সাথে সফটওয়্যারের তথ্য মিল করণের পরে যথাযথভাবে রেজিস্টার ও লেজার সমূহ লিখনের নির্দেশনা থাকলেও লক্ষ্য করা যাচ্ছে কোন কোন উপজেলায় সঠিক ও নিয়মিতভাবে খাতাপত্র না লিখাসহ সফটওয়্যারের রিপোর্টের সাথে ক্রসচেক করা হচ্ছে না ফলে এ সকল উপজেলায় প্রকল্পের হিসাব কার্যক্রমে বিশৃঙ্খলা সৃষ্টি হওয়ার আশঙ্কা তৈরী হচ্ছে। এমতাবস্থায়, নির্ভুলভাবে প্রকল্পের হিসাব কার্যক্রম পরিচালনার স্বার্থে এবং সকল রেজিস্টার, লেজার ও খাতাপত্র সঠিকভাবে লিখার জন্য নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলোঃ

- ক) ঋণ কার্যক্রমসহ প্রকল্পের দৈনন্দিন সকল আয় ব্যয়ের তথ্য সফটওয়্যারে এন্ট্রি দেয়ার পর ম্যানুয়াল ভাউচারের সাথে সফটওয়্যারে সংশ্লিষ্ট ভাউচার ও রিপোর্টের সাথে ক্রসচেক করতে হবে;
- খ) সফটওয়্যারের সংশ্লিষ্ট রিপোর্ট ও ভাউচারের সাথে ম্যানুয়াল সকল জমা খরচ ভাউচার মিল থাকলে বর্ণিত ভাউচার অনুযায়ী ক্যাশ বই, সঞ্চয় ও কর্জ খতিয়ান এবং সাধারণ খতিয়ান লিখতে হবে;
- গ) ক্যাশ বই, কর্জ খতিয়ান ও সাধারণ খতিয়ানে আদায়কৃত ঋণের আসল ও সেবামূল্য পোষ্টিং দেয়ার ক্ষেত্রে অবশ্যই সফটওয়্যারের MIS অংশের রিপোর্ট নং ৩.১ (Daily Collection Component Wise) এর সাথে ম্যানুয়াল ভাউচার ক্রসচেক করতে হবে, উভয় ভাউচারে আসল ও সেবামূল্য এবং সঞ্চয় মিল থাকলে সেই তথ্য মোতাবেক ক্যাশ বই, কর্জ খতিয়ান ও সাধারণ খতিয়ান লিখতে হবে;
- ঘ) প্রকল্প কার্যক্রমের বিভিন্ন খাতের আয় এবং ব্যয়ের তথ্য সাধারণ খতিয়ানে পৃথক পৃথকভাবে (পৃথক পৃষ্ঠায়) সংরক্ষণ করতে হবে এবং নিয়মিত সফটওয়্যারে এআইএস অংশের রিসিভ প্রেমেন্ট রিপোর্টসহ অন্যান্য রিপোর্ট এর সাথে ক্রসচেক করতে হবে;
- ঙ) প্রতি মাসের শেষ দিন সফটওয়্যারে বিভাজন অনুযায়ী সেবামূল্য বণ্টন (Allocation) হয়। তাই রিসিভ প্রেমেন্ট ও ইনকাম স্টেটমেন্ট রিপোর্ট এ বণ্টিত (Allocated) সেবামূল্যের বিভাজনগুলোর যোগফল মাসে আদায়কৃত মোট সেবামূল্যের সাথে মিল থাকলে উহা সাধারণ খতিয়ানের সংশ্লিষ্ট খাতে পোষ্টিং দিতে হবে;
- চ) দৈনন্দিন কার্যক্রম শেষে সফটওয়্যারের সাথে ম্যানুয়াল হিসাব ক্রসচেক করার পাশাপাশি মাস শেষে সাধারণ খতিয়ানের প্রত্যেকটি খাতের প্রাপ্তি, খরচ ও স্থিতির সাথে সফটওয়্যারের বিভিন্ন রিপোর্টের সংশ্লিষ্ট খাতের সাথে ক্রসচেক করতে হবে।
- ছ) সফটওয়্যারে ক্যাশ বুক এবং ব্যাংক বুক রিপোর্টের সাথে ম্যানুয়াল ক্যাশ বই ও পৃথক ব্যাংক স্থিতির সাথে নিয়মিত ক্রসচেক করতে হবে।

  
(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৫। হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। অফিস কপি।